

ইচ্ছে - সুতোর অন্য প্রান্তে

আমার হাতের মুঠোয় ছিল ইচ্ছে - সুতোর একটি প্রান্ত
অন্য প্রান্তে বেঁধে দিয়েছ রামধনু রঙ অবাক ঘুড়ি
আমি এমন ভেবেলে গেছি, তাল পাকাচ্ছে মাথার ভিতর,
ভাবছি - ঘুড়ি ওড়াই, কিংবা ঘুড়ি হয়ে নিজেই উড়ি !

ঘুড়ির সুতোয় লুকিয়ে আছে তেপান্তরের পার - নেই মাঠ
মাঠের মধ্যে সাপনা ফোটা ঠাণ্ডা নিবিড় কালিদহ,
পুঁটলি কাঁধে পথিকরা যায়--- যায় যে কোথায় কেউ জানে না---
নোলক পরা মায়াবিনী হাতছানি দেয় অহরহ!

তেমনি অপার পথিক হয়ে লাট খাচ্ছি, ছাড়ছি সুতো
সূর্যি ছিলাম এই সারা দিন--- এফুনি চাঁদ নীল দিগন্তে
ভেঁ কাটা হই তাতেই বা কী? জুলব তখন তারার তারায়
এ প্রান্তে সব কাজ পড়ে থাক--- প্রেম বেঁধেছি অন্যপ্রান্তে!

শবরী ঘোষ

